

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৮, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ০৭ অক্টোবর, ২০২০ খ্রিস্টাব্দ /২২ আষিন, ১৪২৭ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৮৫.৮০.০১১.১৯-৩৪৬।—উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩  
এর বিধি ৮৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও  
সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুগ্রাম কোর্টের সাথে পরামর্শক্রমে ০৫ অক্টোবর, ২০২০ খ্রিঃ  
তারিখের নং ১০.০০.০০০০.১২৫.৯৯.০০১.১৯.৩৮৫ স্মারকমূলে জরীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত  
বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭(১) এবং বিধি ৭৮ এর অধীন  
শাস্তিযোগ্য নির্বাচন অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No.  
V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া ও তা সংক্ষিপ্ত  
পদ্ধতিতে বিচার সম্পর্কের নিমিত্ত নিম্ন তফসিলের ৩০১ কলামে বর্ণিত উপজেলা পরিষদ উপনির্বাচন  
উপলক্ষে ৪ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০১(এক) জন কর্মকর্তাকে ভোটগ্রহণের  
পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ০৮ অক্টোবর, ২০২০ খ্রিঃ হতে  
১২ অক্টোবর, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে  
নিয়োগ প্রদান করল :

“তফসিল”

| ক্রমিক নং | জেলা    | উপজেলা    | কর্মকর্তার নাম, পদবি ও কর্মসূল                         |
|-----------|---------|-----------|--|
| ১         | ২       | ৩         | ৮  |
| ১         | ফরিদপুর | চরভদ্রাসন | বেগম সাদিয়া আফরীন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর। |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেট দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র  
সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত  
করবেন।

(৯৯৪১)  
মূল্য : টাকা ৮.০০

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদ্মর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপ-সচিব (আইন) এর web mail address (ds\_law @ecs.gov.bd) এ নিম্নোক্ত ছককে প্রেরণ করবেন।

**“ছক”**

জেলার নাম : ..... উপজেলার নাম : .....

| ক্রম | জুডিসিয়াল<br>ম্যাজিস্ট্রেটের নাম,<br>পদবি ও মোবাইল নম্বর | অভিযোগ-<br>কারীর নাম<br>ও ঠিকানা | যার বিবুদ্ধে অভিযোগ<br>আনয়ন করা হয়েছে<br>তার নাম ও ঠিকানা | অভিযোগের<br>তারিখ ও<br>সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের<br>বিষয়ে গৃহীত<br>ব্যবস্থার বিবরণ |
|------|---|----------------------------------|---|--|---|
| ১    | ২   | ৩                                | ৪   | ৫                                      | ৬   |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবযুক্ত করার জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফরিদপুর-কে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেট দায়িত্ব পালনকালে ১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য জেলা প্রশাসক, ফরিদপুর-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য পুলিশ সুপার ফরিদপুর-কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টি.এ/ডি.এ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

আফরোজা শিউলী  
উপসচিব (আইন)।